


বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ২০১৯- ২০২০ অর্থবছরের উদ্ভাবন পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি:

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড গ্রাহক সেবার মান বৃদ্ধির লক্ষ্যে ২০১৯- ২০২০ অর্থবছরে দুইটি উদ্ভাবন পরিকল্পনা গ্রহণ করেছিলো। উদ্ভাবন পরিকল্পনাগুলোর বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

পল্লী বিদ্যুতের উঠান বৈঠকঃ সারাদেশে সকল সমিতিতে গ্রাহক সেবার মান বৃদ্ধিতে পল্লী বিদ্যুতের উঠান বৈঠক করা হচ্ছে। এ সকল বৈঠকে গ্রাহক হয়রানি নির্মূল ও দালাল প্রতিরোধ, নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ, গ্রাহক সচেতনতা বৃদ্ধিসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।

Fault Locator: পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের অন্যতমপ্রধান লক্ষ্য নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা। কিন্তু বিভিন্ন সময়ে ঝড়, বৃষ্টিবা প্রাকৃতিক দুর্যোগে ৩৩/১১ কেভি লাইনে ত্রুটি (Fault) সংগঠিত হয়ে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেলে, সমস্যার স্থান ও ধরন জানা অনেক সময় দুরূহ হয়ে পড়ে। ফলে একদিকে যেমন গ্রাহকগণ বিদ্যুৎ সেবা হতে বঞ্চিত হন অপরদিকে লাইনক্রু-গণেরও ফল্ট খুঁজে সমাধান করতে দীর্ঘ সময় ও শ্রম ব্যয় হয়।

এ অবস্থা উত্তোরণের লক্ষ্যে আরইবি'র নূতন উদ্ভাবনী Fault Locator System. এ পদ্ধতিতে ১১কেভি ফিডারে কয়েকটি সেকশন করে প্রতিটি সেকশনে একটি করে sensor based locator স্থাপন করে সংশ্লিষ্ট সেকশনে বিদ্যুৎ আছে কি নাই তা অনলাইনে যে কোন স্থান হতে মনিটর করা সম্ভব হচ্ছে। এর ফলে দ্রুত ফল্ট এরিয়া চিহ্নিত হচ্ছে এবং তার সমাধানও দ্রুতকরা যাচ্ছে, যা গ্রাহকদের নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে আরইবি'কে একধাপ এগিয়ে রাখবে। একই সংগে এ পদ্ধতিতে কেবলমাত্র ফল্ট সেকশনের সংযোগ বিচ্ছিন্ন হয়ে বাকি সেকশনগুলো চালু থাকবে। পাবনা পবিস-১ এর একটি ফিডার এ পাইলট হিসেবে চালু করা রয়েছে।


৩০/৭/২০২০
(হোসাইনুল ইসলাম)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
(পরিচালন, রক্ষণাবেক্ষণ ও বিতরণ)
বাপবিবো, ঢাকা।